

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ককসবাজার গণপূর্ত বিভাগ
ককসবাজার।

স্মারক নং-৯৬৫

তারিখ : ১৭/১২/২০১৯ ইং

নিলাম দরপত্র আহবান বিজ্ঞপ্তি
নিলাম বিজ্ঞপ্তি - ০২/২০১৯-২০ইং

এতদ্বারা বর্ণিত মোটর যান জীপ নিলামে বিক্রয়ের নিম্নলিখিত শর্ত সাপেক্ষে গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, স্বচ্ছল ব্যবসায়ী ও ইচ্ছুক ব্যক্তিগণের নিকট হইতে আইটেম রেইট ভিত্তিতে দর উদ্ধৃতকরণ সহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা হইল।

ক্রঃ নং	মোটর যান জীপ এর সংক্ষিপ্ত বিবরণ	নিলাম দরপত্র জামানত	নিলাম দরপত্র দলিলের মূল্য	নিলাম দরপত্র অংশ গ্রহণকারীর যোগ্যতা	নিলাম দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ	নিলাম দরপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ
১।	কক্সবাজার গণপূর্ত বিভাগ, কক্সবাজারের আওতাধীন গণপূর্ত উপ-বিভাগ-২, কক্সবাজারের একেজো ও ব্যবহার অনুপযোগী পরিদর্শন জীপ নং- চট্টগ্রাম-ক-৫৭৫৪ এর নিলাম বিক্রয়।	উদ্ধৃত মূল্যের ১০%	তফসীলের মূল্য ৫০০/- (অফেরতযোগ্য)	আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, ব্যবসায়ী ও ইচ্ছুক ব্যক্তি।	০৫/০১/২০২০ইং	০৬/০১/২০২০ইং

- ১। টেন্ডার সিকিউরিটি বিডি/পে-অর্ডার আকারে বাংলাদেশ ব্যাংকের যে কোন তফসিলী ব্যাংক হইতে সংগৃহীত নিরাপত্তা জামানত নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার গণপূর্ত বিভাগ, কক্সবাজার এর নামে জমা দিতে হইবে।
- ২। মালামাল সরবরাহ নেওয়া সময় : কার্যাদেশ জারীর দিন হইতে ৭ (সাত) দিন।
- ৩। নিলাম দরপত্র বিক্রয়ের স্থান : অত্র দপ্তর সহ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/২/৩/৪, চট্টগ্রাম, গণপূর্ত উপ-বিভাগ-১/২/ই-এম, কক্সবাজার।
- ৪। নিলাম দরপত্র জমা দেওয়ার স্থান : অত্র দপ্তর সহ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এবং পুলিশ সুপারের কার্যালয়, কক্সবাজার।
- ৫। দরপত্র জমা দেওয়ার সর্বশেষ সময় ও তারিখ : ০৬/০১/২০২০ইং সময় : ১২.০০ ঘটিকা।
- ৬। দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ০৬/০১/২০২০ইং তারিখ বেলা ১.০০ ঘটিকার সময় নিলাম দরপত্র উন্মুক্ত করা হইবে এবং একই সাথে নিরীক্ষান্তে প্রাপ্ত দরপত্রের ওপেনিং মেমো উপস্থিত সকল দরদাতার সম্মুখে প্রস্তুত করা হইবে।
- ৭। দরপত্র তফসীলে অবশ্যই প্রতিটি আইটেম এর দর পৃথক ভাবে অংকে ও কথায় সুস্পষ্টভাবে উদ্ধৃত করিতে হইবে।
- ৮। উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দর গৃহীত হওয়ার পর সরকারী নিয়ম মোতাবেক আয়কর ও ভ্যাটসহ যাবতীয় সমুদয় পাওনা পরিশোধ করার পর চূড়ান্ত আদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে মালামাল অপসারণ করিয়া নিতে হইবে।
- ৯। দরপত্র দলিলের সহিত মূল মানি রিসিট অবশ্যই সংযুক্ত করিতে হইবে।
- ১০। জীপটি সরকারী কার্য-দিবসে অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের আওতাধীন, গণপূর্ত ই/এম উপ-বিভাগ, কক্সবাজার এর দপ্তরে যোগাযোগ করিয়া পরিদর্শন করা যাইবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র বাতিল/গ্রহণ/স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।

জহির উদ্দিন আহমদ
নির্বাহী প্রকৌশলী
কক্সবাজার গণপূর্ত বিভাগ
কক্সবাজার।